NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Environmental Conservation

# তথ্য পত্র

ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

October 2018

**Queensboro Toyota**

**62-10 Northern Boulevard**
**Woodside, NY 11377**

**সাইট নম্বর C241187**

**NYSDEC REGION 2**

**<u>তথ্য কোথায় পাবেন:</u>**

*জনসাধারণকে অবগত রাখার জন্য এই জায়গা(গুলি)-তে প্রকল্পের দলিলপত্র পাওয়া যায়।*

**Queens Public Library Woodside অবস্থিত**
52-22 Skillman Avenue
Woodside, NY 11377
(718) 429-4700

**Queens Community Board 2**
43-22 50th Street
Woodside, NY 11377
ফোন: (718) 533-8773

**<u>কার সাথে যোগাযোগ করবেন:</u>**

*মন্তব্য এবং প্রশ্ন সর্বদা স্বাগত যা নিম্নলিখিত ব্যক্তিদের জানাতে হবে:*

**প্রকল্প বিষয়ক প্রশ্নসমূহ**
হাভিয়ার পেরেজ-ম্যালডোনাডো (Javier Perez-Maldonado), প্রজেক্ট ম্যানেজার
NYSDEC
625 Broadway, 12th Floor
Albany, NY 12233-7016
(518) 402-8172
javier.perez-maldonado@dec.ny.gov

**স্বাস্থ্য বিষয়ক প্রশ্নসমূহ**
অ্যাঞ্জেলা মার্টিন (Angela Martin)
NYSDOH
ব্যুরো অফ এনভারনমেন্টাল এক্সপোজার ইনভেস্টিগেশন
সেন্টার ফর এনভারনমেন্টাল হেল্থ
Corning Tower, Rm 1787
Albany, NY 12237
(518) 402-7860
beei@health.ny.gov

**নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য, এই ওয়েবসাইট দেখুন:**
www.dec.ny.gov/chemical/8450.html

## থসড়া তদন্ত ক্রিয়া ব্রাউনফিল্ড সাইটের জন্য পরিকল্পনা জনসাধারণের মন্তব্যের জন্য লভ্য

একটি থসড়া কর্ম পরিকল্পনার ওপর মন্তব্য দেওয়ার জন্য জনসাধারণকে আহ্বান করা হচ্ছে, যার পুনর্বিচার করছে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (NYSDEC) 62-10 Northern Boulevard, Woodside, NY-এ অবস্থিত কুইন্সবারো টয়োটা সাইট ("সাইট") তদন্ত করার উদ্দেশ্যে। অকুস্থান জানার জন্য অনুগ্রহ করে মানচিত্র দেখুন। এই সাইটের ক্লিনআপ বিষয়ক দলিলপত্র বামদিকে উল্লেখিত জায়গা(গুলি)-তে পাওয়া যাবে "তথ্য কোথায় পাবেন" শীর্ষকের অধীন।

**<u>থসড়া তদন্ত কর্ম পরিকল্পনা:</u>** থসড়া তদন্ত কর্ম পরিকল্পনা, যাকে বলা হয় একটি "রেমেডিয়াল ইনভেস্টিগেশন ওয়ার্ক প্ল্যান" নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP)-র অধীন NYSDEC-এর কাছে দাখিল করা হয়েছিল। তদন্ত করবে 62-10 Northern Boulevard LLC ("আবেদক(রা)") আর তদারক করবে NYSDEC এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেল্থ (NYSDOH)।

**<u>কীভাবে মন্তব জানাতে হয়</u>:** NYSDEC **October 23** থেকে **Novemver 23, 2018** তারিখ পযন্ত, 30 দিনের জন থসড়া তদন্ত কম পিরকল্পনার ওপর িলিখত মন্তব গ্রহণ করছে। প্রস্তাবিত পিরকল্পনা জনসাধারণের পুনিব চারের জন, বামিদকে "কোথায় তথ পাবেন" শীষ কের অধীন িচিহ্নত জায়গা(িগল) -তে লভ আছে। বামিদকে "কার সাথে যোগাযোগ করবেন" জায়গাতে প্রকল্প-বিষয়ক প্রশ্নসমূহের অধীন তালিকাভুক্ত NYSDEC প্রজেক্ট মানেজারের কাছে অনুগ্রহ করে মন্তব দাখিল করন।

**<u>প্রস্তাবিত সাইট তদন্তের গুরুত্বপূর্ণ বিষয়গুলি</u>**: এই তদন্ত জমি, পৃষ্ঠতলের জল, ভূগর্ভস্থ জল এবং পরিবেশের যে অংশগুলি ক্ষতিগ্রস্ত হতে পারে তার ধরণ ও ব্যাপ্তি তুলে ধরবে।

পূর্ববর্তী তদন্ত অকুস্থানে ভোলাটাইল আর সেমি-ভোলাটাইল অর্গানিক কম্পাউন্ডস্ (VOCs ও SVOC), এবং জমি, জমির বাষ্পে, এবং/অথবা ভূগর্ভস্থ জলে ধাতু সনাক্ত করেছে।

তদন্ত কর্মের মুখ্য উপাদানগুলি হল:

- অকুস্থানে কলুষের সম্ভাব্য উত্সগুলি চিহ্নিত করার জন্য সয়েল বোরিং বসানো এবং তার নমুনা পরীক্ষা করা;
- জমির বাষ্প, উপ-স্ল্যাব জমির বাষ্প এবং বাড়ির ভিতরে বাতাসের নমুনা সংগ্রহ করা; এবং
- ভূগর্ভস্থ কূপ বসানো এবং তার নমুনা পরীক্ষা করা অকুস্থানে এবং তার বাইরে উদ্বেগজনিত জায়গাগুলির প্রভাব তদারক করা।

**<u>পরবর্তী পদক্ষেপ:</u>** NYSDEC জনসাধারণের দেওয়া মন্তব্যগুলি বিবেচনা করবে, প্রয়োজন অনুযায়ী পরিকল্পনা সংশোধন করবে, এবং কর্ম পরিকল্পনা অনুমোদন করবে। পরিকল্পনার সাথে NYSDOH-কে অবশ্যই একমত হতে হবে। কর্ম পরিকল্পনা অনুমোদিত হলে, কর্ম পরিকল্পনায় উল্লেখিত কার্যকলাপ সম্পাদন করা হবে।

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

তদন্ত সম্পন্ন হয়ে গেলে, একটি প্রতিবেদন তৈরি করে NYSDEC-এর কাছে দাখিল করা হবে যারা পরিণামের সারাংশ প্রস্তুত করবে। NYSDEC এবং NYSDOH প্রতিবেদনটি পুনর্বিচার করবে, প্রয়োজনীয় সংশোধন করবে, যথাযথ হলে, তারপরে প্রতিবেদনটি অনুমোদন করবে।

তদন্তের পরে, একটি ক্লিনআপ পরিকল্পনা, যাকে বলা হয় "রেমেডিয়াল ওয়ার্ক প্ল্যান" প্রস্তুত করা হবে এবং একটি সিদ্ধান্ত দলিলের প্রস্তাব দেওয়া হবে। ক্লিনআপ পরিকল্পনায় থাকবে প্রস্তাবিত সাইট প্রতিকারের মূল্যায়ন, বা কোনও পদক্ষেপ না নেওয়ার সুপারিশ অথবা আর কোনও পদক্ষেপ না নেওয়ার বিকল্প সুপারিশ। ক্লিনআপ পরিকল্পনার লক্ষ্য হল জনস্বাস্থ্য আর পরিবেশের সুরক্ষা নিশ্চিত করা। NYSDEC প্রস্তাবিত ক্লিনআপ পরিকল্পনা জনসাধারণের কাছে পেশ করবে 45 দিনের মন্তব্য পর্বে তাদের মতামত ও মন্তব্য জানার জন্য।

সাইটের তদন্ত ও ক্লিনআপ পর্বের শুরু থেকে শেষ পর্যন্ত NYSDEC জনসাধারণকে অবগত রাখবে।

**সাইটের বর্ণনা:** সাইটে ট্যাক্স ব্লক 1185-এর তিনটি কর লট আছে, যেমন: লট 1, প্রধান ভবন; লট 54 ও লট 55, বাহন রাখার জায়গা। সাইটে একটি দুই তলা বাণিজ্যিক ভবন আর অ্যাসফাল্ট বসানো বাহন রাখার জায়গা আছে। সাইটটি বেড়া দিয়ে ঘেরা যার দক্ষিণ দিকে আছে 64 স্ট্রিট BCP সাইট আর আগেকার অ্যাকমে মেটাল ক্যাপ কর্পোরেশন (যার বর্তমান নাম ভিক্টর মেশিনারি এক্সচেঞ্জ ইনকর্পোরেশন), উত্তর দিকে আছে নর্দান বুলেভা, পশ্চিম দিকে আছে 62 স্ট্রিট, আর পূর্ব দিকে আছে 64 স্ট্রিট। বর্তমানে সাইটটি গাড়ি বিক্রি করার জন্য ব্যবহার করা হয়। ভবনের দ্বিতীয় তলার এক অংশে প্রতিবন্ধী বাচ্চাদের জন্য একটি স্কুল আছে। পূর্বে এই সাইটে ছিল একটি গ্যাস স্টেশন, অটো রেকিং ইয়ার্ড, একটি ঘড়ির ব্যান্ড প্রস্তুতকারী, একটি প্রকাশনা কোম্পানি, একটি লিমোজিন কোম্পানি আর দুইটি গাড়ির ডিলারশিপ।

পরিবেশগত এবং স্বাস্থ্যজনিত মূল্যায়নের সারাংশসহ সাইটের অতিরিক্ত বিবরণ NYSDEC-এর এনভাইরনমেন্টাল সাইট রেমেডিয়েশন ডেটাবেস-এ পাওয়া যায় (সাইটের ID, C241187 এন্টার করে) এই ওয়েবসাইটে:

http://www.dec.ny.gov/cfmx/extapps/derexternal/index.cfm?pageid=3

**ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের সাধারণ পরিদর্শন:** নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (BCP) কলুষিত ঘরবাড়ি স্বেচ্ছায় পরিষ্কার করার জন্য উত্সাহ দেয় যা "ব্রাউনফিল্ডস্" হিসাবে পরিচিত যাতে ওই সম্পত্তিগুলি পুনরায় ব্যবহার এবং উন্নয়ন করা যায়। এই সম্পত্তিগুলি বিনোদন, আবাসন, ব্যবসা বা অন্য কিছুর জন্য ব্যবহার করা যেতে পারে। একটি ব্রাউনফিল্ড সাইট হল যে কোনও কলুষিত স্থাবর সম্পত্তি যার মাত্রা জমি ক্লিনআপ উদ্দেশ্য বা DEC-এর অবলম্বন করা অন্য স্বাস্থ্য-ভিত্তিক বা পরিবেশগত নিরিখ, নির্ণায়ক বা নির্দেশ অতিক্রম করে, যেগুলি যুক্তিসংগত প্রত্যাশিত সম্পত্তি ব্যবহারের ভিত্তিতে প্রযোজ্য, প্রযোজ্য প্রবিধান অনুযায়ী।

BCP-র বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:

http://www.dec.ny.gov/chemical/8450.html

***এই তথ্যপত্র প্রতিবেশী এবং ভাড়াটেকে দেখানোর জন্য আমরা আপনাকে উত্সাহ দিই এবং/অথবা এই তথ্যপত্র আপনার ভবনের এমন জায়গায় লাগান যাতে অন্যরা দেখতে পায়।***

**ই-মেলের মাধ্যমে সাইটের তথ্যপত্র পান**

আপনার ই-মেল ইনবক্সে পাঠানো এই তথ্যপত্র থেকে সাইটের তথ্য পান। NYSDEC নিম্নলিখিত ওয়েবসাইটে এক বা একাধিক কলুষিত সাইট কাউন্টি ই-মেল লিস্টসার্ভ সাইন আপ করার জন্য আপনাকে আমন্ত্রণ করে:

www.dec.ny.gov/chemical/61092.html

এটি দ্রুত, নিশুল্ক এবং আপনাকে অবগত রাখতে সাহায্য করবে। একজন লিস্টসার্ভ সদস্য হিসাবে, আপনি নির্দিষ্ট বিরতিতে সাইট-বিষয়ক তথ্য/ঘোষণা পাবেন আপনার নির্বাচিত কাউন্টি(গুলির) সকল কলুষিত সাইটগুলির জন্য।

টীকা: আপনি ইতিমধ্যে সাইন আপ করে থাকলে এবং ডিজিটাল উপায়ে এই তথ্যপত্র পেয়ে থাকলে অনুগ্রহ করে অগ্রাহ্য করুন।

# ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম

**সাইট অবস্থানের মানচিত্র**

